**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**22 December 2025** **7:35 AM IST**

==========================================================================

আসাম সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলে উন্নয়নের নতুন যুগের সূচনা হয়েছে এবং সরকার দেশের কৃষকদের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ ও কৃষকদের সুবিধার্থে সরকার বেশকিছু পদক্ষেপও গ্রহণ করেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন । গতকাল নামরূপ সার কারখানায় নতুন ব্রাউনফিল্ড এমোনিয়া ইউরিয়া প্রকল্পের ভিত্তিপ্রস্থর স্থাপন করে প্রদত্ত ভাষণে প্রধানমন্ত্রী একথা বলেন । নামরূপের নতুন এমোনিয়া ইউরিয়া প্রকল্প স্থাপনের জন্য রাজ্যের কৃষকদের অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে বিকশিত ভারত গঠনের ক্ষেত্রে কৃষকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে । শ্রী মোদী বলেন যে ২০১৪ সালে দেশে সার উৎপাদন ২২৫ লক্ষ মেট্রিকটন হওয়ার বিপরীতে বর্তমানে এই উৎপাদন ৩০৬ লক্ষ মেট্রিকটনে বৃদ্ধি পেয়েছে । কৃষকদের স্বার্থ সুরক্ষিত করে সার উৎপাদনে সম্পূর্ণ আত্মনির্ভর হতে নতুন নতুন উৎপাদন ক্ষমতা গড়ে তোলার জন্য সরকার প্রয়াস চালিয়ে যাচ্ছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

প্রধানমন্ত্রী বলেন ------- বাইট

---

কৃষকদের কল্যাণের ক্ষেত্রে সরকার অত্যন্ত সংবেদনশীল বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন কৃষকদের ওপর যাতে অতিরিক্ত বোঝা না পড়ে , সেজন্য ইউরিয়া আমদানির ব্যয় সরকার বহন করে থাকে ।
অনুষ্ঠানে অংশগ্রহণ করে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল রাজ্যের অর্থনৈতিক উন্নয়নে কেন্দ্রীয় সরকারের গ্রহণ করা প্রচেষ্টার জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান ।
অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেন যে আসাম আজ উন্নয়নের নতুন আকাশ ছুঁতে সক্ষম হয়েছে । অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল সকালে গুয়াহাটি নৌ পরিবহণের টার্মিনালে চরাইদেউ জাহাজে রাজ্যের ২৫ জন মেধাবী শিক্ষার্থীদের সঙ্গে ‘পরীক্ষা পে চর্চা’ কার্যসূচিতে অংশ গ্রহণ করে তাদের সঙ্গে মত বিনিময় করেন । প্রধানমন্ত্রী, শিক্ষার্থীদের করা বিভিন্ন প্রশ্নেরও উত্তর দেন । পরীক্ষার সময়ে সৃষ্টি হওয়া মানসিক চাপ নিয়ন্ত্রণের জন্য প্রধানমন্ত্রী তাদের পরামর্শ দেন । এরপর প্রধানমন্ত্রী শ্রীমোদী গুয়াহাটির পশ্চিম বরাগাঁওয়ে শহিদ স্মারক ক্ষেত্র পরিদর্শন করে ৮৬০ জন শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পার্ঘ অর্পণ করেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল আসন্ন বড়দিন ও নববর্ষ উপলক্ষ্যে যাত্রীভীড় সামাল দিতে তিন জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আজ ও আগামী ২৪শে ডিসেম্বর গুয়াহাটী -সাইরাং-এর মধ্যে এবং ২৩ ও ২৫শে ডিসেম্বর সাইরাং-গুয়াহাটীর মধ্যে বিশেষ ট্রেন চলাচল করবে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আজ ও আগামী ২৪শে ডিসেম্বর সকাল ৬টায় গুয়াহাটী থেকে যাত্রা করে রাত সাড়ে সাতটায় সাইরাং পৌছবে । অন্যদিকে সাইরাং থেকে আগামীকাল সকাল ৬টায় যাত্রা করে রাত সাতটা ৫০ মিনিটে গুয়াহাটী পৌছবে । এছাড়াও সীমান্ত রেলের পক্ষ থেকে ডিব্রুগড় -লক্ষনৌ এবং নতুন দিল্লী-কামাখ্যা বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত হয়েছে ।

---

প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশে সৃষ্টি হওয়া অশান্ত পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে রাজ্যের ভারত- বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত অঞ্চলগুলোতে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তোলা হয়েছে । কাছাড় জেলার কাটিগড়ার নাতানপুর সীমান্ত অঞ্চলে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়েছে । এছাড়া সীমান্ত অঞ্চলে থার্মেল ক্যামেরা , নাইট ভিসন ক্যামেরা ও সিসিটিভির সহায়তায় ২৪ ঘন্টা নিরীক্ষণ করা হচ্ছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলাজুড়ে সুশাসন সপ্তাহ পালন করা হচ্ছে । এ উপলক্ষ্যে আজ সকাল ১১টায় জেলার ১২টি গ্রাম পঞ্চায়েত যেমন ঘাড়মূড়া -রামনাথপুর, নিতাইনগর , ভাউয়ারঘাট, দাড়িয়াঘাট-বলদাবলদি , নিজবর্নারপুর , সর্বানন্দপুর এবং বেলা একটায় দত্তপুর-বাঘছড়া , রতনপুর , শাহাবাদ-মোহম্মদপুর , ধনীপুর-ভবানীপুর গ্রাম

পঞ্চায়েতে সভা অনুষ্ঠিত হবে । এছাড়া আজ বিকেল তিনটায় কিল্লারবাগ-ঝালনাছড়া  এবং বাহাদূরপুর গ্রাম পঞ্চায়েতে জন গনের দুয়ারে সরকার শীর্ষক সভা অনুষ্ঠিত হবে ।

---

কেন্দ্রীয় ক্ষুদ্র ,সুক্ষ ও মধ্যম শিল্প বিভাগের উদ্যোগে আজ থেকে শিলচর তোপবন নগরের কীর্তনের মাঠে তিনদিন ব্যাপী পি এম বিশ্বকর্মা যোজনার অধীনে কারু শিল্পের উপর প্রদর্শনী ও মেলা অনুষ্ঠিত হবে । আজ সকাল ১১টায় এই মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করা হবে ।

---

সারা ভারত কৃষক সভার ২৬তম কাছাড় জেলা সম্মেলন গতকাল কাটিগড়ার শিব নারাইনপুরে শেষ হয়েছে । দু দিনের এই সম্মেলনে দেশের কৃষকদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করেন জেলা সভাপতি রেজামন্দ আলী বরভুইয়া , সুভাষ দেব , রিতা দাস প্রমূখ ।

---